অতি জরুরী

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(নিয়োগ শাখা)

স্মারক নং-২০৫৯ (১৬) -এ, তারিখঃ- ২০/০৩/২০১৬ খ্রি.।

**বিষয়ঃ- অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর শূন্যপদ পূরণে ছাড়পত্র গ্রহণের আবশ্যকতা না থাকা সংক্রান্ত।**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগ Civil Petition For Leave To Appeal No. 2532 of 2014 (Government of Bangladesh and another Vs. Md. Abul Kalam Azad and others) মামলায় বিগত ১৪ ডিসেম্বর ২০১৫ খ্রি. তারিখ প্রদত্ত রায়ে সারাদেশের অধস্তন আদালতসমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত অধস্তন আদালতসমূহের অনুমোদিত ও সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদ পূরণের পূর্বে প্রশাসনিক মন্ত্রণালয় অর্থাৎ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় অথবা জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ছাড়পত্র গ্রহণের আবশ্যকতা নেই এবং শূন্য পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা সংক্রান্তে ইস্যুকৃত সার্কুলারসমূহ অধস্তন আদালতের ক্ষেত্রে প্রযোজ্য নয় মর্মে সদয় সিদ্ধান্ত প্রদান করেছেন। উক্ত রায়ের কপি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে (www. supremecourt. gov.bd/ resources/ documents/895777_2532.pdf) পাওয়া যাবে।

০২। দেশের বিভিন্ন জেলার অধস্তন আদালতসমূহের অনুমোদিত সহায়ক কর্মচারীর অনেক পদ দীর্ঘদিন যাবৎ শূন্য থাকায় বিচার প্রশাসনের সুষ্ঠু কার্যক্রম পরিচালনা বিঘ্নিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, সারাদেশের অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারীর অনুমোদিত শূন্যপদসমূহ দ্রুত পূরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০/০৩/১৬

(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা জজ ............ (সকল)।
৩। মহানগর দায়রা জজ ............ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ ............ (সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ............ (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল ............ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল ............ (সকল)।
৮। বিশেষ জজ (জেলা জজ), ............ (সকল)।
৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত............ (সকল)।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল............ (সকল)।
১১। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইসি, ঢাকা।
১৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট............ (সকল)।
১৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-**

১। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।